



বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়

BANGLADESH OPEN UNIVERSITY স্টুডেন্ট সাপোর্ট সার্ভিসেস বিভাগ
গাজীপুর-১৭০৫। ফোন-৯২৯১১১৩

"শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ"

স্মারক নং-বাউবি/এসএসএস/এইচএসসি/রেজিঃ/০৪(৬৮)/২১/২৬৩৫

তারিখ : ০৭-১১-২০২১

আঞ্চলিক পরিচালক

আঞ্চলিক কেন্দ্র, ঢাকা/ময়মনসিংহ/কুমিল্লা/চট্টগ্রাম/সিলেট/বরিশাল/রংপুর/বগুড়া/রাজশাহী/ফরিদপুর/যশোর/খুলনা
বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়।

বিষয় : এইচএসসি প্রোগ্রামের ২০২০-২১ শিক্ষাবর্ষে (২০২০ ব্যাচ) ২য় বর্ষে রেজিস্ট্রেশনের সময়সীমা নির্ধারণ প্রসঙ্গে।

মহোদয়,

উপর্যুক্ত বিষয়ের পরিশ্রমিক্তে জানানো যাচ্ছে যে, এইচএসসি প্রোগ্রামের ২০২০-২১ শিক্ষাবর্ষে (২০২০ ব্যাচ) ২য় বর্ষ এবং পূর্বের শিক্ষাবর্ষে যারা ইতোপূর্বে ২য় বর্ষে রেজিস্ট্রেশন করতে পারেননি তাদের রেজিস্ট্রেশনের সময়সীমা নিম্নোক্তভাবে নির্ধারণ করা হয়েছে। ২০১৯ ও ২০২০ ব্যাচের শিক্ষার্থীরা অনলাইনে এবং ২০১৯ এর পূর্বের ব্যাচের শিক্ষার্থীগণ পূর্বের মতো অফলাইনে বা ব্যাংকের মাধ্যমে রেজিস্ট্রেশন কার্যক্রম সম্পন্ন করবেন। উল্লেখ্য, "প্রথম বর্ষে ন্যূনতম তিনটি বিষয়ে পরীক্ষায় অংশগ্রহণ না করলে দ্বিতীয় বর্ষে রেজিস্ট্রেশন করা যাবে না"-শর্তটি করোনা মহামারীর কারণে শিথিল করা হয়েছে।


- রেজিস্ট্রেশনের সময়সীমা : ০৮-১১-২০২১ থেকে ১০-০১-২০২২ তারিখ পর্যন্ত।

২য় বর্ষে আদায়যোগ্য ফি নিম্নরূপ :

ফি'র খাত সমূহ	ফি'র পরিমাণ	মানবিক	বিজ্ঞান	ব্যবসায় শিক্ষা
		২য় বর্ষ	২য় বর্ষ	২য় বর্ষ
কোর্স ফি (প্রতি কোর্স)	৫৮৮/-	৫৮৮X৫= ২৯৪০/-	৫৮৮X৫= ২৯৪০/-	৫৮৮X৫= ২৯৪০/-
ব্যবহারিক ফি (প্রতিকোর্স)	১২৫/-	-	১২৫X৩= ৩৭৫/-	-
পরীক্ষার ফি (প্রতিকোর্স)	৫০/-	৫০X৫= ২৫০/-	৫০X৫= ২৫০/-	৫০X৫= ২৫০/-
মূল সনদপত্র ফি	৪০০/-	৪০০/-	৪০০/-	৪০০/-
নম্বরপত্র ফি	২০০/-	২০০/-	২০০/-	২০০/-
প্রশংসাপত্র ফি	৫০/-	৫০/-	৫০/-	৫০/-
রেজিস্ট্রেশন ফি (প্রতি বর্ষ)	১৫০/-	১৫০/-	১৫০/-	১৫০/-
বিলম্ব ফি (প্রয়োজ্য ক্ষেত্রে)	১০০/-	-	-	-
সর্বমোট=		৩৯৯০/-	৪৩৬৫/-	৩৯৯০/-

বিঃদ্রঃ ঐচ্ছিক বা অতিরিক্ত বিষয় নিলে সেজন্য শিক্ষার্থীকে অতিরিক্ত ৬৩৮/- (পরীক্ষার ফিসহ) টাকা এবং কোন কোর্সে (মানবিক বা বিজ্ঞান বা ব্যবসায় শিক্ষা যে কোন ক্ষেত্রের জন্য) ব্যবহারিক থাকলে প্রতি কোর্সের জন্য অতিরিক্ত ১২৫/- টাকা জমা দিতে হবে।

উল্লেখিত বিষয়টি বাউবির সকল উপ আঞ্চলিক কেন্দ্র, স্টাডি সেন্টার এবং বাউবি নির্ধারিত ব্যাংক শাখাসহ সংশ্লিষ্ট সকলকে জরুরী ভিত্তিতে অবহিতকরণের জন্য অনুরোধ করা হলো।



(ড. আনিসুর রহমান)

পরিচালক

এসএসএস বিভাগ, বাউবি।

অনুলিপি : সদয় অবগতি ও কার্যার্থে।

১. ডীন, ওপেন স্কুল, বাউবি।
২. পরীক্ষা নিয়ন্ত্রক, বাউবি।
৩. পরিচালক, পিপিডি বিভাগ, বাউবি।
৪. পরিচালক/ সিস্টেম ম্যানেজার, কম্পিউটার বিভাগ, বাউবি (অনলাইনে রেজিস্ট্রেশন কার্যক্রম সম্পন্ন করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ এবং ওয়েব পেইজে প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য অনুরোধ জানাচ্ছি)।
৫. পরিচালক, মিডিয়া বিভাগ (বাউবি প্রয়োজিত টেলিভিশন এবং বাংলাদেশ বেতারে প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানাচ্ছি)।
৬. যুগ্ম-পরিচালক, ছাত্র নির্দেশনা ও পরামর্শদান দপ্তর, বাউবি।
৭. একান্ত সচিব, উপাচার্য মহোদয়ের দপ্তর, বাউবি। উপাচার্য মহোদয়ের সদয় অবগতির জন্য।
৮. সংরক্ষণ নথি।